কালের কণ্ঠ

তারিখ 09 OCT 2015
পৃষ্ঠা 2 কলাম 2

# ঢাকা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা আজ শুরু

## জালিয়াতি রোধে সতর্কতা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

প্রশ্নপত্র ফাঁসসহ ভর্তি পরীক্ষার নানা রকম জালিয়াতিরোধে এবার সতর্ক অবস্থানে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আজ শুরু হওয়া ভর্তি পরীক্ষায় প্রথমবারের মতো চালু হচ্ছে 'লিথো কোড' পদ্ধতি, যা শুধু কম্পিউটার বা কোড রিডেক্টর মেশিনই শনাক্ত করতে পারবে। আর যেকোনো অনিয়মের তাৎক্ষণিক শাস্তির জন্য পরীক্ষাকেন্দ্রে থাকছে মোবাইল -কোর্ট। নতুন এসব উদ্যোগে ভর্তি-সংক্রান্ত জালিয়াতি কমবে বলে ধারণা করছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৬৯টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর 'খ' ইউনিটে ২২৯৬টি আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৩১,১৬৩ জন। পরীক্ষার হলে ক্যালকুলেটার, মোবাইল ফোন কিংবা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়েও আজ ভর্তি পরীক্ষা শুরু। সেখানে কর্তৃপক্ষ প্রশ্নপত্র জালিয়াতি ঠেকাতে ভর্তীচ্ছু শিক্ষার্থীদের ড্রেস কোড মেনে পরীক্ষাকেন্দ্রে আসতে বলেছে। ভর্তীচ্ছুদের হাফহাতা জামা ও স্যান্ডেল (জুতা ও মোজা ব্যতীত) পরে আসতে হবে। সেখানেও পরীক্ষার হলে কোনো ইলেকট্রনিক ডিভাইস (ক্যালকুলেটার, ঘড়ি ও মোবাইল) আনা যাবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এম আমজাদ আলী কালের কণ্ঠকে বলেন, 'জালিয়াতির দায়ে অভিযুক্তদের এর আগে নানা কারণে শাস্তি নিশ্চিত করতে না পারায় এবার ভ্রাম্যমাণ আদালত চালু করা হয়েছে। যারা জড়িত থাকবে তাদের তাৎক্ষণিক শাস্তি দেওয়া হবে।'